গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান
ভারপ্রাপ্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

তারিখ ও সময় ঃ ২৮ ডিসেম্বর , ২০১৬

সময় ঃ বেলা ২.০০ ঘটিকা

স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ভবন নং-৬)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হ'ল।

জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটির এক সভা জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান, ভারপ্রাপ্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে সভায় নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করা হয় ও বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ। | সভায় আগত সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে গত ২৭/০৭/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হ'ল। | |
| ২.২ | দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন এবং ফোকাল পয়েন্ট মনোনয়ন | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল বিভাগীয় দপ্তরসহ সকল জেলা ও উপজেলা দপ্তরের কমিটি গঠনপূর্বক ফোকাল পয়েন্ট মনোনয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কমকর্তাগণ যাতে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে সে বিষয়ে সবার দৃষ্টি রাখার সর্বসম্মতি গৃহীত হয়। | ডিজি, ডিপিই |
| ২.৩ | ক) দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে সেবা গ্রহিতাদের চাহিদা পূরনের লক্ষ্যে গণশুনানি গ্রহণ। দপ্তর/ অফিসের দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন । গণশুনানির রিপোর্ট এবং অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগের বিবরণী প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ। | (ক) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গণশুনানী অব্যাহত আছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সদর দপ্তরসহ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তর প্রধানগণ প্রতিমাসের শেষ কার্যদিবসে গণশুনানী করবেন মর্মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে।<br><br>খ) মহাপরিচালক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)-এ দ্রুত অভিযোগ বাক্স স্থাপন করাতে হবে। গণশুনানীর বিষয়টি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। | ক) ডিজি, (সকল)। |
| ২.৪ | মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর সমূহের স্ব স্ব Web Page হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং তার অধীনস্ত সকল দপ্তরের ওয়েবসাইটে এ টু আই ফরমেটে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রোফাইল আপডেট করা হয়। বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। | ক) ডিজি, ডিপিই/সিপিই/ বিএনএফই/নেপ এবং প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৫ | প্রাথমিক বিদ্যালয়ে Assembly এর সময় অথবা প্রতিটি শ্রেণিতে ক্লাশ শুরুর পূর্বে প্রথম ১০ মিনিট নৈতিকতা সম্পর্কে শিক্ষার্থীদের সাথে আলোচনা, Parents day অনুষ্ঠান এবং নৈতিকতার বিষয়ে আলোচনা। | ক) মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের অফিসে আসার পথে আকস্মিকভাবে যে কোন প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করতে হবে। পরিদর্শন করতে গিয়ে আত্মশুদ্ধিমূলক বাণী (জাতীয় সংগীত ও পতাকা উত্তোলনসহ) প্রচার হয় কিনা তা যাচাই করতে হবে। Assembly এর সময় শিক্ষকগণ উপস্থিত থেকে শিক্ষকগণ তাদের শপথ বাক্য পাঠ করবেন। | ক) ডিজি, (সকল) ডিপিই/ বিভাগীয় উপ-পরিচালক (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৬ | নৈতিকতা শিক্ষা কার্যক্রম জোরদার করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা। | শিক্ষকদের করণীয় ও দায়িত্ব কর্তব্য সম্পর্কিত নীতিবাক্য গুলি (পূর্ববর্তী কার্যবিবরণীতে উল্লেখ আছে) অন্তর্ভূক্ত করে নীতিমালা প্রণয়ন করতে হবে। এটি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজি, ডিপিই/নেপ |
| ২.৭ | ২০১৬-২০১৭ অর্থ বছরের নির্ধারিত ছক অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল Work Plan প্রেরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৬-২০১৭ প্রণয়নপূর্বক Work Plan মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ছক (একক, সংখ্যা, লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জন) যথাযথভাবে পূরণ করে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক (সকল) যুগ্ম সচিব (উন্নয়ন-২) উপ-সচিব (প্রশা-১) /বিদ্যা-২, সিনিয়র সহকারী সচিব (বিদ্যা--২ ,সহকারী সচিব (বাজেট ও অডিট) প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২.৮ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর প্রধানদের অংশগ্রহণে অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভায় আলোচনা। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনা অব্যাহত রাখতে হবে। এবং নিয়মিত ফলোআপ করাতে হবে । | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ২.৯ | শুদ্ধাচার কৌশল সম্পর্কিত তথ্য প্রেরণ | ২০১৬-২০১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। ১ম কোয়ার্টার অর্থ্যাৎ জুলাই-সেপ্টেম্বর/২০১৬ সময়ের ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়। তবে ২য় কোয়ার্টারের প্রতিবেদন প্রেরণের সময় ছক (একক, সংখ্যা, লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জন) যথাযথভাবে পূরণ করে পাঠাতে হবে। | ক) ডিজি, (সকল) |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৫/১/১৭
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
ভারপ্রাপ্ত সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/জাতীয় শুদ্ধাচার/২০১৬-৪ তারিখঃ ২২ পৌষ ১৪২৩ / ০৫ জানুয়ারি ২০১৬

**বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
০৪। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
০৭। যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপ-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিসংখ্যান কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে ওয়েবসেইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অফিস কপি।

০৫/০১/২০১৭
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১

D:\Shuddhachar\Rejulation.doc